

মেট্রোরেল যাত্রীদের মাস্ক পরার অনুরোধ

- A Monitor Desk Report

Date: 10 June, 2025



ঢাকাঃ করোনা ভাইরাসের সংক্রমণ পুনরায় বেড়ে যাওয়ার আশঙ্কা দেখা দেওয়ায় মেট্রোরেল ব্যবস্থাপনায় স্বাস্থ্যবিধি মেনে চলার আহ্বান জানিয়েছে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)।

সোমবার (৯ জুন) প্রতিষ্ঠানটির পক্ষ থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে যাত্রীদের মাস্ক পরিধানের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, করোনা সংক্রমণ এড়াতে মেট্রোরেলে ভ্রমণকারী যাত্রীসাধারণকে মাস্ক পরিধান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে। একই সঙ্গে সংবাদমাধ্যম ও টেলিভিশন চ্যানেলগুলোর স্ক্রলে এই বার্তাটি প্রচার করার জন্যও অনুরোধ জানানো হয়েছে।

ডিএমটিসিএলের উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) ও উপসচিব মো. জাহিদুল ইসলাম সই করা ওই বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ করা হয়েছে, জনস্বার্থে ও যাত্রীদের নিরাপত্তার কথা বিবেচনায় রেখেই এ ধরনের পদক্ষেপ নেওয়া হয়েছে।

মূলত, মেট্রোরেলে প্রতিদিনই বিপুল সংখ্যক যাত্রী যাতায়াত করেন। সংক্রমণের ঝুঁকি কমাতে মাস্ক ব্যবহার, হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার, এবং প্রয়োজনে সামাজিক দূরত্ব বজায় রাখার পরামর্শ দিয়েছে প্রতিষ্ঠানটি। কেননা, রাজধানীর উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত চলাচলকারী এমআরটি লাইন-৬ ব্যবহার করছেন প্রতিদিন হাজার হাজার যাত্রী।

এর আগে, ঈদের ফিরতি যাত্রায় সব যাত্রীকে মাস্ক পড়ার অনুরোধ জানিয়েছে রেলপথ মন্ত্রণালয়ও।

সংশ্লিষ্টরা জানান, সমাগমপূর্ণ এলাকায় সবাইকে মাস্ক পরার জন্য অনুরোধ জানিয়েছে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। বিশেষত বয়স্ক ও অসুস্থ ব্যক্তিদের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে এ ধরনের স্থান এড়িয়ে চলার পরামর্শ দেওয়া হয়েছে। এর পরিপ্রেক্ষিতে ঈদ পরবর্তী (ঈদুল আজহার ফিরতি যাত্রা) ট্রেন যাত্রায় সব যাত্রীকে স্বাস্থ্যবিধি মেনে চলা এবং মাস্ক পরিধান করার জন্য রেলপথ মন্ত্রণালয়ের পক্ষ

থেকে সবাইকে অনুরোধ জানানো হয়েছে।

উল্লেখ্য, ২০২০ সালের শুরুর দিকে বাংলাদেশে প্রথমবারের মতো করোনাভাইরাস (কোভিড-১৯) শনাক্ত হয়। এরপর থেকে দেশে কয়েক দফায় সংক্রমণ বেড়েছে এবং জনস্বাস্থ্য সংকট সৃষ্টি হয়েছে।

সরকারিভাবে মাস্ক পরিধান, সামাজিক দূরত্ব বজায় রাখা এবং জনসমাগম এড়ানোসহ স্বাস্থ্যবিধি পালনের নির্দেশনা দেওয়া হয়। তবে সময়ের সাথে সাথে সংক্রমণ হ্রাস পাওয়ায় এসব বিধিনিষেধ অনেকাংশে শিথিল করা হয়।

সম্প্রতি দেশে আবারও কোভিড-১৯ সংক্রমণের হার কিছুটা উর্ধ্বমুখী হতে দেখা গেছে। এরপরই আবার সুরক্ষা নিশ্চিত করতে স্বাস্থ্যবিধি মেনে চলার আহ্বান জানিয়েছে সরকার।

-B